দৈনিক সংবাদ

NOV. 29 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

### হাইকোর্ট থেকে কারণ দর্শানোর জন্য রুলনিশি

# আনোয়ার উল্লাহ চৌধুরী কোন্ ক্ষমতায় ভিসি হয়েছেন?

সুপ্রিম কোর্ট রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভাইস চ্যান্সেলর অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী কোন্ ক্ষমতাবলে স্বীয় পদে অধিষ্ঠিত হয়েছেন ৪ সপ্তাহের মধ্যে এর কারণ দর্শানোর জন্য তার প্রতি রুলনিশি জারি করেছেন হাইকোর্ট।

গতকাল বুধবার বিচারপতি মো. আবদুল মতিন এবং বিচারপতি মোহাম্মদ মারযি-উল হক সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ এ আদেশ দেন।

বর্তমান সরকার চলতি মাসের ১২ই নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আজাদ চৌধুরীকে অব্যাহতি দিয়ে অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে ভাইস চ্যান্সেলর নিয়োগ করে। সরকারের এ আদেশের বৈধতা চ্যালেঞ্জ করে বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ইসমত কাদির গামা ও হাবিবুর রহমান খান হাইকোর্টে রিট পিটিশন দায়ের করেন। আবেদনে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর, রাষ্ট্রপতি সচিবালয়ের সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের উইং পনের সচিব শহিদুল আলম ও বর্তমান ভাইস চ্যান্সেলর অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে বিবাদি করা হয়।

আবেদনটি গত মঙ্গলবার হাইকোর্টে দাখিল করা হয় এবং গতকাল শুনানি হয়। শুনানিশেষে বিজ্ঞ আদালত ওই আদেশ প্রদান করেন।

রিট আবেদনটির গ্রহণযোগ্যতা প্রশ্নে আবেদনকারীর পক্ষে শুনানি করেন ব্যারিস্টার আমির-উল ইসলাম এবং তাকে সহায়তা করেন অ্যাডভোকেট মঞ্জিল মোর্শেদ।